


# অতিরিক্ত সংস্থান

## টিকা নিন!

- **COVID-19 এর টিকা জীবন বাঁচায়।** আপনি যখন টিকা নেন, আপনি COVID-19 থেকে নিজেকে সুরক্ষিত রাখতে এবং আপনার কমিউনিটিকে নিরাপদ রাখতে সহায়তা করেন। আপনার যদি COVID-19 হয়ে থাকে, তাহলেও টিকা নেওয়া গুরুত্বপূর্ণ। আপনি সংক্রামক থাকা অবস্থায় টিকাদান কেন্দ্রে অন্য ব্যক্তিদের সংস্পর্শে আসা এড়ানোর জন্য COVID-19 থেকে সুস্থ না হওয়া পর্যন্ত আপনাকে অপেক্ষা করতে হবে এবং আপনার আলাদা থাকার মেয়াদ পূরণ করতে হবে। নিউ ইয়র্ক সিটিতে বসবাস, চাকরি, বা লেখাপড়া করছেন এমন সব ব্যক্তি NYC-তে টিকা পাওয়ার যোগ্য, এক্ষেত্রে বয়সের কিছু সীমা প্রযোজ্য হবে। একটি কেন্দ্র খুঁজে নিতে **nyc.gov/vaccinefinder** ওয়েবসাইটে যান বা **877-VAX-4NYC (877-829-4692)** নম্বরে ফোন করুন।



- **আপনি কি বাড়িতেই COVID-19 এর টিকা পেতে চান?** আপনি এবং আপনার পরিবারের 12 বছর বা তার বেশি বয়সী যে কারও জন্য আমরা আজই আপনাকে বাড়িতে COVID-19 এর টিকার জন্য সময়সূচি নির্ধারণ করে দিতে পারি। অনুগ্রহ করে আমাদেরকে **212-242-2692** নম্বরে কল করুন এবং **3** চাপুন।
- **নিউ ইয়র্কবাসীরা COVID-19 এর বিরুদ্ধে টিকা নেওয়ার জন্য বিনামূল্যে টিকিট, সদস্যপদ এবং উপহারও পেতে পারেন।** এসব উপহার সীমিত সময়ের জন্য পাওয়া যাবে। আরো জানতে **nyc.gov/vaccineincentives** ওয়েবসাইটে যান।

## টিকা গ্রহণের জন্য সবেতন ছুটি

- নিউ ইয়র্কবাসীরা টিকার প্রতিটি ডোজের জন্য চার ঘন্টা পর্যন্ত সবেতন ছুটি পেতে পারেন, একক ডোজের টিকার জন্য মোট চার ঘন্টা বা দ্বৈত-ডোজের টিকার জন্য মোট আট ঘন্টা। এই ছুটি কর্মচারীদের নিয়মিত বেতনহারে প্রদান করা হয়ে থাকে, এবং অন্য কোনও ছুটির বিপরীতে এই ছুটি সমন্বয় করা যাবে না। আপনি যদি আপনার টিকা থেকে কোনও পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করে থাকেন সেক্ষেত্রে আপনি সুস্থ হওয়ার জন্য জমাকৃত যে কোনও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করতে পারেন।



## AfterCare

- আপনি যদি আপনার বিচ্ছিন্ন থাকার সময়কালের পরবর্তী সপ্তাহ বা মাসগুলিতেও COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি অনুভব করেন এবং স্বাস্থ্য ও সামাজিক চাহিদা সংক্রান্ত সহায়তা খুঁজে থাকেন তাহলে **nyc.gov/aftercare** ঠিকানায় Take Care-এর AfterCare ওয়েবসাইট ভিজিট করুন।

## COVID-19 সেন্টার্স অব এক্সেলেন্স

- COVID-19 থেকে সুস্থ হয়ে উঠছেন এমন ব্যক্তিদের জন্য বর্তমানে NYC Health + Hospitals-এর কমিউনিটি হেলথ সেন্টার রয়েছে এবং নিউ ইয়র্কবাসীদেরকে সুস্থ রাখার জন্য এটি বিভিন্ন ধরনের সেবা প্রদান করছে। **nyc.gov/aftercare** ওয়েবসাইট থেকে আরো জানুন অথবা **212-COVID19 (212-268-4319)** নম্বরে ফোন করুন এবং **0** চাপুন।

## COVID-19 এর চিকিৎসা

- **COVID-19 এর জন্য কি চিকিৎসা পাওয়া যায়?**
  - **হ্যাঁ!** যাদের আগে থেকে কিছু সুনির্দিষ্ট স্বাস্থ্য সমস্যা রয়েছে, তাদের জন্য মনোক্লোনাল অ্যান্টিবডির মাধ্যমে চিকিৎসা করা নিরাপদ এবং হাসপাতালে ভর্তি হওয়া এড়ানোর ক্ষেত্রে কার্যকর হয়ে থাকে। এই চিকিৎসা NYC Health + Hospitals থেকে বিনামূল্যে পাওয়া যায়, এমনকি আপনার বিমা না থাকলেও।

## মনোক্লোনাল অ্যান্টিবডি বলতে কী বোঝায়?

» যখন আপনি অসুস্থ হন, তখন আপনার শরীর সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য অ্যান্টিবডি তৈরি করে। মনোক্লোনাল অ্যান্টিবডিগুলো সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য আপনার দেহের স্বাভাবিক প্রতিক্রিয়ার অনুকরণ করে। আপনি অসুস্থ বোধ করতে শুরু করার পর সাথে সাথে চিকিৎসা নিলে এটি সবচেয়ে ভালোভাবে কাজ করে, তাই অনুগ্রহ করে আজই ফোন করুন!

## আমি কি চিকিৎসা পাওয়ার যোগ্য?

» মনোক্লোনাল অ্যান্টিবডিগুলি এমন ব্যক্তিদের মধ্যে সবচেয়ে ভালোভাবে কাজ করে যাদের COVID-19 এর উপসর্গ রয়েছে এবং কিছু অন্তর্নিহিত মেডিকেল অবস্থা রয়েছে। আপনি এই চিকিৎসার জন্য যোগ্য হবেন যদি:

- আপনার COVID-19-এর পরীক্ষায় পজিটিভ ফলাফল আসে
- আপনার COVID-19 এর হালকা থেকে মাঝারি ধরনের উপসর্গ থাকে
- আপনার ওজন কমপক্ষে 88 পাউন্ড (40 কেজি) হয়ে থাকে
- যদি আপনি:
  - 65+ বয়সী হন
  - আপনার বয়স 12+ হয় এবং গুরুতর রোগ হওয়ার উচ্চ ঝুঁকিতে থাকেন। উচ্চ ঝুঁকিমূলক অবস্থার মধ্যে রয়েছে হৃদরোগ, ফুসফুসের রোগ, কিডনি রোগ, গর্ভাবস্থা, অতিরিক্ত ওজন বা স্থূলতা, ডায়াবেটিস, ইমিউনোকম্প্রোমাইজিং কন্ডিশন, সিকেল সেল রোগ, এবং নিউরোডেভেলপমেন্টাল কন্ডিশন, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়। আপনার জন্য এই চিকিৎসা সঠিক কিনা তা নিয়ে আলোচনা করতে দয়া করে একজন মেডিকেল পেশাজীবীর সাথে যোগাযোগ করুন।

## আমি কিভাবে চিকিৎসার জন্য সাইন-আপ করবো?

» একজন চিকিৎসা পেশাজীবীর সাথে যোগাযোগ করার জন্য **212-COVID19 (212-268-4319)** নম্বরে ফোন করুন অথবা **covid19.nychealthandhospitals.org/mab** ওয়েবসাইটে যান।

# জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি

- নিম্ন বা মাঝারি আয়ের পরিবারের নিউ ইয়র্কবাসীরা মার্চ 2020 থেকে ভাড়া পরিশোধের ক্ষেত্রে পিছিয়ে পড়লে 12 মাস পর্যন্ত অতীতের ভাড়া, ভবিষ্যতের 3 মাসের ভাড়া এবং ইউটিলিটি সহায়তা পেতে পারেন। আরো তথ্যের জন্য এবং আবেদন করতে, অনুগ্রহ করে **nyc.gov/erap** ওয়েবসাইটে যান অথবা আমাদেরকে **212-242-2692** নম্বরে একটি কল দিন এবং **3** চাপুন।

# বাদ পড়া কর্মীদের তহবিল

- নিউ ইয়র্কবাসীরা যদি তাদের অভিবাসনগত অবস্থা বা অন্যান্য কারণে বেকারত্ব সুবিধা অথবা ফেডারেল COVID-19 সংক্রান্ত আয় সহায়তা পাওয়ার অযোগ্য হন তাহলে তারা $15,600 ডলার পর্যন্ত সরাসরি নগদ সহায়তা পেতে পারেন। আপনি যোগ্য কিনা তা জানতে এবং আরো তথ্যের জন্য, **access.nyc.gov/excluded-workers-fund** ওয়েবসাইট দেখুন।

NYC HEALTH+ HOSPITALS | Test & Trace Corps